**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 09-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Rabindra Jayanti :**

আজ ২৫শে বৈশাখ, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মতিথি | এই উপলক্ষ্যে রাজ্যজুড়ে শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংস্থা এবং বিভিন্ন সংস্কৃতিক সংগঠন উদ্যোগে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ছন্দনীড় সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে রাজধানী শহরের রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে রবিকবির জন্মদিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বাংলা সংস্কৃতি বলয় আগরতলা সংসদ আজ এই উপলক্ষে প্রভাত ফেরীর আয়োজন করেছে। রাজধানীর উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে এই প্রভাত ফেরী শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে রবীন্দ্রনাথের মর্মর মূর্তির পাদদেশে গিয়ে শেষ হবে।

*******************

**Rabindra Kanan:**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই উপলক্ষে আজ সকালে আগরতলার রবীন্দ্র কাননে অনুষ্ঠিত হয় প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান। সেখানে রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ণাবায়ব মূর্তিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানান আগরতলা পৌর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মিনারানী সরকার, তথ্য সংস্কৃতি দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, প্রমুখ |

******************

**Kabi pranam Udaipur**:

রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে আজ উদয়পুরে মাতাবাড়ির বাইপাস রোড সংলগ্ন রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতির সামনে কবি প্রণাম অনুষ্ঠান হয়। তথ্য সংস্কৃতি দপ্তর ও মাতাবাড়ি ব্লকের যৌথ উদ্যোগে আয়োজিত কবি প্রণাম অনুষ্ঠানের উদ্বোধন করেন গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার অনুষ্ঠানে পৌরোহিত্য করেন। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে উদয়পুরেও নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে |

********************

**War:**

পাকিস্তান গতকাল জম্মু ও কাশ্মীরের সাতওয়ারী, সাম্বা, আর এস পুরা এবং আরনিয়াতে আটটি মিসাইল চালায়। ভারতীয় বিমান প্রতিরক্ষা ইউনিট সবকটি মিসাইলকে নিষ্ক্রিয় করে দিয়েছে। দৃশ্যত এগুলো ছিল ইসরাইলের উপর হামাস জঙ্গি গোষ্ঠীর মিসাইল হানার মত| পাকিস্তান সেনাবাহিনী হামাস জঙ্গিগোষ্ঠীর কায়দায় এই বিফল অপারেশনটি চালায় ।চলমান এই যুদ্ধ পরিস্থিতিতে সীমান্তরক্ষী বাহিনী গতকাল রাত এগারোটা নাগাদ জম্মু-কাশ্মীরের সাম্বা জেলায় আন্তর্জাতিক সীমান্ত দিয়ে একটি বড়সড়ো অনুপ্রবেশের প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়েছে। এদিকে উদ্ভূত পরিস্থিতিতে কয়েকটি রাজ্য ও দিল্লির সরকার সরকারি কর্মচারীদের ছুটি অনির্দিষ্টকালের জন্য বাতিল করে দিয়েছে|

********************

**PM, Meeting :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে গতকাল একটি উচ্চ পর্যায়ের বৈঠকে বিভিন্ন মন্ত্রক ও বিভাগের সচিবদের সঙ্গে জাতীয় নিরাপত্তা সংক্রান্ত সাম্প্রতিক

ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে জাতীয় প্রস্তুতি এবং আন্তঃমন্ত্রক সমন্বয় পর্যালোচনা করা হয়। বৈঠকে, শ্রী মোদী কর্মকাণ্ডের ধারাবাহিকতা এবং প্রাতিষ্ঠানিক স্থিতিস্থাপকতা বজায় রাখার জন্য মন্ত্রক এবং সংস্থাগুলির মধ্যে নিরবচ্ছিন্ন সমন্বয়ের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বর্তমান পরিস্থিতি মোকাবেলায় মন্ত্রকগুলির পরিকল্পনা এবং প্রস্তুতিও পর্যালোচনা করেন। বৈঠকে নাগরিক প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণ, ভুল তথ্য এবং ভুয়া খবর মোকাবেলার প্রচেষ্টা এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামোর সুরক্ষা নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করা হয়।

**********************

## Red Cross, CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বিশ্ব রেডক্রস দিবস উপলক্ষে গতকাল আগরতলায়  ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির রাজ্য শাখার আয়োজিত অনুষ্ঠান থেকে   রাজ্যের সাতটি জেলায় ভার্চুয়াল ভাবে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী শিবিরে রক্তদাতাদের সঙ্গে মত বিনিময় করেন এবং তাদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এবছর বিশ্ব রেডক্রস দিবসের ভাবনা 'মানবতাকে বাঁচিয়ে রাখা"।

মুখ্যমন্ত্রী নেশা প্রতিরোধে সচেতনতামূলক কর্মসূচি গ্রহন করার জন্য দল গঠন করার পরামর্শ দেন।

*********************

## Road Bypass-Kiran Gitte :

আগরতলা শহরকে কেন্দ্র করে আরও দুটি বাইপাস রোড নির্মানের কাজ দ্রুত এগিয়ে চলেছে। এর একটি হল- লেম্বুছড়া থেকে শুরু হয়ে সিনাইহানী, রামনগর, জয়নগর হয়ে আমতলী পর্যন্ত ২৫ কিলোমিটার দীর্ঘ ওয়েস্টার্ন বাইপাস| অন্যটি

হল- লেম্বুছড়া থেকে শুরু হয়ে বোধজংনগর, খয়েরপুর হয়ে আমতলী বাইপাস পর্যন্ত ২৪ কিলোমিটার দীর্ঘ ইস্টার্ন বাইপাস। ওয়েস্টার্ন বাইপাসের কিছু অংশে যান চলাচল করলেও এই সড়কের নির্মান কাজ ২০২৭ সালে সম্পুর্ন হয়ে যাবে। পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে গতকাল এই তথ্য জানিয়ে বলেন, বাইপাসগুলি চারলেনের হবে।

********************

**National Lok Adalat** :

আগামীকাল রাজ্যে এবছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত বসবে। গতকাল রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সাংবাদিকদের জানান, ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালতে জাতীয় লোক আদালতের বেঞ্চ বসবে। মোট ৪0টি বেঞ্চে ২১,৪১0টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

******************

**Recover of 8 pistol** :

আগরতলা রেল স্টেশনে গতকাল ত্রিপুরা সুন্দরী এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালিয়ে আরপিএফ আটটি দেশি পিস্তল উদ্ধার করেছে। বাহিনীর সহকারি কমান্ডেন্ট বি কে সিনহা জানান, দুটি ব্যাগে তল্লাশি করে ১৬টি ম্যাগজিনও উদ্ধার করা হয়। এই ঘটনায় কাউকে গ্রেফতার করা না গেলেও রেল থানার পুলিশ তদন্ত করছে।

******************

**Weather…**

আজ আকাশ অংশত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ ভোরে

সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৮ ডিগ্রির কাছাকাছি।

*******************